



বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
বিনিয়োগ শাখা  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।  
www.bhtpa.gov.bd

বিনিয়োগ অগ্রাধিকার

----

সভাপতি	এ.কে.এম, আমিরুল ইসলাম এনডিসি ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৯ জুন, ২০২৫ খ্রিঃ
সভার সময়	বেলা: ৩.০০ ঘটিকা
স্থান	জুম প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য অনুমতি প্রদান করেন। সভাপতির অনুরোধক্রমে উপ-পরিচালক (বিনিয়োগ) সভাকে অবহিত করেন সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর আওতায় সেবাসমূহকে তিন ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীণ সেবা। সেবাসমূহ সরাসরি/অনলাইনে ওএসএস এর মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। তিনি সভাকে আরোও জানান ওএসএস এ মোট সেবার সংখ্যা ১৪৮টি। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হতে ওএসএস এর মাধ্যমে নিজস্ব ৪৯ টি সেবা এবং অন্যান্য দপ্তরের ৩৫টি সেবা প্রদান করা হয়। এছাড়াও অন্যান্য দপ্তরের ৬৪ টি সেবা ম্যানুয়ালী প্রদান করা হয়।

**(ক) পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি: পূর্ববর্তী সভার সিদ্ধান্ত নিম্নরূপভাবে বাস্তবায়ন করা হয়েছেঃ**

ক্র:	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১।	যে সকল বিনিয়োগকারী/টেনেন্ট প্রতিষ্ঠান ওএসএস সিস্টেমে রেজিস্ট্রেশন করেনি তাঁদেরকে আগামী ১৫ দিনের মধ্যে ওএসএস সিস্টেমে রেজিস্ট্রেশন জন্য বলা হলো।	বিনিয়োগকারীগণ/টেনেন্টদেরকে এ বিষয়ে অবহিত করা হয়েছে। অধিকাংশ বিনিয়োগকারীগণ/টেনেন্ট ওএসএস এ রেজিস্ট্রেশন সম্পন্ন করেছে।
২।	বকেয়া ভাড়া উত্তোলনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।	বকেয়া উত্তোলনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**(খ) সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:**

উপ-পরিচালক (বিনিয়োগ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। সভাপতি উপস্থিত সকলকে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা গ্রহণ বিষয়ে উন্মুক্ত আলোচনার জন্য অনুরোধ জানান। সহকারী প্রকৌশলী (সিভিল) সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন বিভিন্ন পার্কের অধিকাংশ প্রতিষ্ঠানই ওএসএস সিস্টেমে রেজিস্ট্রেশন সম্পন্ন করে। তবে কিছু প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন সম্পন্ন করেনি তাঁদেরকে অতি দ্রুত ওএসএস সিস্টেমে রেজিস্ট্রেশনের করার জন্য আহ্বান জানানো হয়।

ক্র:	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	সহকারী প্রকৌশলী (সিভিল) জানান বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতায় বিভিন্ন হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার হতে এ পর্যন্ত মোট ১৪৬ টি প্রতিষ্ঠান ওএসএস সিস্টেমে রেজিস্ট্রেশন করে। ওএসএস সিস্টেমে সেবা গ্রহণ ও সেবা প্রদান সহজতর হয় মর্মে আলোচনা হয়। যে সকল প্রতিষ্ঠানও এখনও ওএসএস এ রেজিস্ট্রেশন করেনি তাঁদেরকে ১০ দিনের মধ্যে ওএসএস এর মাধ্যমে সেবা গ্রহণের নিমিত্ত ওএসএস এ রেজিস্ট্রেশন করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।	যে সকল বিনিয়োগকারী/টেনেন্ট প্রতিষ্ঠান ওএসএস সিস্টেমে রেজিস্ট্রেশন করেনি তাঁদেরকে আগামী ১০ দিনের মধ্যে রেজিস্ট্রেশনের জন্য বলা হলো।	বিনিয়োগকারী/টেনেন্ট এবং বিএইচটিপিএ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।




৩০-০৬-২০২৫  
এ,কে,এম, আমিরুল ইসলাম এনডিসি  
ব্যবস্থাপনা পরিচালক

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০২.০০০০.০০০.০১৬.১৬.০০২২.১৮.৮৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক (বিনিয়োগ) (অতিরিক্ত দায়িত্ব), বিনিয়োগ অনুবিভাগ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।
- ২। পরিচালক (কারিগরি), কারিগরি অনুবিভাগ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।
- ৩। উপসচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৪। পরিচালক (অর্থ ও প্রশাসন), প্রশাসন অনুবিভাগ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।
- ৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৬। উপ-পরিচালক (চট্টগ্রাম), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।
- ৭। উপপরিচালক (চঃদাঃ) (বিনিয়োগ অধিশাখা), বিনিয়োগ শাখা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক/সিইও, স্টেকহোল্ডার/বিনিয়োগকারী (সকল), সফটওয়্যার টেকনোলজি পার্ক, চট্টগ্রাম।
- ৯। কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।



৩০-০৬-২০২৫  
ওবায়ত হোসেন  
সহকারী প্রকৌশলী (সিভিল)